গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
www.warpo.gov.bd

**পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর "তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধানমালা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি" শীর্ষক সেমিনার এর কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৯/০৬/২০২৪ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | ওয়ারপোর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | কপি সংযুক্ত। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সেমিনারের সভাপতি, ওয়ারপোর মহাপরিচালক মহোদয় অনুষ্ঠানের সুচনা করেন। ওয়ারপো সভা কক্ষে উপস্থিত এবং অনলাইন জুম প্লাটফর্মে যোগদানকৃত সকল সদস্য নিজেদের পরিচিতি উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসুচি অনুযায়ী উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ ওয়ারপো'র তথ্য প্রদান কারী কর্মকর্তা, নাজমুন নাহার চৌধুরী, লাইব্রারি ও তথ্য প্রদানকারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান।

জনাব নাজমুন নাহার চৌধুরী, গ্রন্থাগারিক এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা "তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধানমালা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি" শীর্ষক প্রবন্ধ বিষদভাবে উপস্থাপন করেন।

উপস্থাপনা তে নিম্নে উল্লেখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়ঃ

- সরকার কর্তৃক তথ্য অধিকার আইন প্রণয়নের মূল উদ্দেশ্য, জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালন
- তথ্যের অবাধ প্রবাহের মাধ্যমে জন্যগণের অধিকার নিশ্চিত করা এবং জনগণকে তাঁর অধিকার সম্পর্কে সচেতন করা
- সরকারি-বেসরকারি স্বায়ত্তশাসিত অফিসসমূহে জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা
- তথ্য অধিকার আদায়ের সাথে সম্পৃক্ত বিভিন্ন আইন, বিধি ও প্রবিধানমালা
- তথ্য অধিকার আইন, বিধি ও প্রবিধির আলোকে তথ্য সংরক্ষণ, তথ্য প্রকাশ, তথ্য প্রাপ্তির অনুরোধ, তথ্য প্রাপ্তির অনুরোধের আবেদনপত্র গ্রহণ ও প্রাপ্তি স্বীকার, তথ্য প্রদান পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানে অপারগতা এবং সংশ্লিষ্ট অভিযোগ দায়ের, শাস্তি এবং অভিযোগ নিস্পত্তি সংক্রান্তঃ
    - জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭
    - জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) আইন,২০১১
    - তথ্য প্রকাশ ও প্রচার প্রবিধানমালা, ২০১০
    - তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধিমালা, ২০১০
    - তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা- ২০০৯
    - তথ্য অধিকার আইন,২০০৯
    - Implementing Right To Information Act, 2009 in Bangladesh, STRATEGIC PLAN 2015-2021

মূল প্রবন্ধ উপস্থাপন শেষে সেমিনারের সভাপতি ওয়ারপোর মহাপরিচালক উন্মুক্ত আলোচনা এবং প্রশ্ন-উত্তরের জন্য আহ্বান করেন।

প্রশ্ন-উত্তর পর্বে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট জানতে চান "প্রত্যেক কর্তৃপক্ষ প্রতি বৎসর তথ্য সংক্রান্ত প্রতিবেদন কিভাবে প্রকাশ করবে?"

ওয়ারপোর মহাপরিচালক জানান যে তথ্য প্রাপ্তির জন্য যতগুলো আবেদন আসে তা সম্মিলিত প্রতিবেদন আকারে সরকার কে অবহিত করা হয় যা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে এবং তথ্য কমিশনে পাঠিয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা নিশ্চিত করা হয়। এর মাধ্যমে জনগণের চাহিদাকৃত তথ্যের যথাযথ প্রাপ্যতা নিশ্চিত করা হয়।

ওয়ারপোর মহাপরিচালক সমাপনী বক্তব্যে নিম্নবর্ণিত বিষয়গুলো তুলে ধরেনঃ

- সরকার কর্তৃক প্রেরিত Right to information, 2009/তথ্য অধিকার আইন, ২০০৯ একটি Whistleblower law যা নাগরিকদের অধিকার হিসাবে সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে তথ্য পেতে অনুমতি দেয়ার পাশাপাশি রাষ্ট্রের গোপনীয় তথ্য কেও রক্ষা করে যা ১৯২৩ সনের, Official Secrecy Act দ্বারা সম্ভব ছিল না

- তথ্য প্রাপ্তির অনুরোধ যথা সময়ে পূরণ করা যাতে তথ্য প্রদান ব্যবস্থাপনা যতটা সুষ্ট হবে তথ্য প্রদান কাজ ততটা সহজ হবে, তথ্য প্রাপ্তির সেবা সহজীকরন হবে
- ওয়ারপো তে পেশকৃত তথ্য প্রাপ্তির অনুরোধ এবং যাবতীয় শোকোল প্রক্রিয়া যেন যথাযথ সময়সীমার মধ্যে বিশেষ গুরুত্বারোপ করে সমাধা করা হয়
- তথ্য প্রদানকারী কর্মকর্তার কোন রকম অবহেলা বা অসচেতনতার কারনে আবেদনকারী সংক্ষুদ্ধ হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জরিমানা/ চাকুরি অবসান সহ বিভিন্ন প্রকার দাপ্তরিক শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার বিধান রয়েছে।

ওয়ারপো'র পরিচালক (কারিগরি) তার বক্তব্যে বলেন তথ্য অধিকার আইন, ২০০৯ প্রতিষ্টার মাধ্যমে সকলের তথ্য জানার অধিকার সম্ভব হয়েছে যা জনগনের মানবিক মৌলিক অধিকার। বিভিন্ন আইন, বিধি ও প্রবিধানমালা সচেতনতা সৃষ্টির পাশাপাশি রাষ্ট্রকে সুরক্ষা দিচ্ছে।

ওয়ারপো'র পরিচালক (পরিকল্পনা) উল্লেখ করেন যে, ১৯২৩ সনের, Official Secrecy Act এর মাধ্যমে যে তথ্যের অপব্যয় হয়েছে, সেই প্রতিবন্ধকতা দূরীকরনে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রতিফলনের মাধ্যমে সক্ষম হয়েছে। জেলা, উপজেলা দপ্তর গুলোতে জবাবদিহিতার আওতায় আনা হয়েছে এবং জনগন যেন তথ্য-উপাত্ত পেয়ে উপকৃত হতে পারে তা নিশ্চিত করা হয়েছে।

ওয়ারপোর মহাপরিচালক RTI Seminar এর সমাপনী ঘোষণার মাধ্যমে তথ্য অধিকার আইন ও বিধিমালা বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য আয়োজিত সফল সেমিনার এর সমাপ্তি হয়।

RMahedi

২৬-০৬-২০২৪
মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক
৪৪৮১৯০০৬,৪৪৮১৯০১৫
dg@warpo.gov.bd

তারিখ: ১২ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০২.০০০০.০০৯.১৬.০০১.২২.১২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর;
৩। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট;
৫। মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর;
৬। সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ;
৭। ডীন, ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টি, সিভিল ও পানি সম্পদ শাখা, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়;
৮। উপসচিব, প্রশাসন-১ শাখা ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
১০। কর্মকর্তা (সকল), ওয়ারপো;
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়;
১২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রোগ্রামার) , কম্পিউটার ও তথ্য শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা;
১৩। নির্বাহী প্রকৌশলী (সকল), ওয়ারপো এবং
১৪। একান্ত সচিব , মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

RMahedi

২৬-০৬-২০২৪
নাজমুন নাহার চৌধুরী
গ্রন্থাগারিক ও তথ্য প্রদানকারী কর্মকর্তা